

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৮.২২-৯৯৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২


বিষয়: রিট পিটিশন নং ১৫২৭/২০২২ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১৫২৭/২০২২-এর ১৩/০২/২২ খ্রিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মো: ইদ্রিস আলী-কে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করায় তিনি স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ০৩/০১/২০২২ তারিখের ১৪নং স্মারককে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১৫২৭/২০২২ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৪নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, বগুড়া।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫২৭/২০২২ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকারপক্ষে মামলা পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১২-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৮.২২-৯৯৩/১(৪)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৬-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব